মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা দিবস।

আজ বৃহস্পতিবার প্রত্যুষে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। এরপর সূর্যোদয়ের সাথে সাথে শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক শামসুল আলম সোনাকে সঙ্গে নিয়ে জেলা প্রশাসনের পক্ষে সর্বপ্রথম শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন।

এরপর পর্যায়ক্রমে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান, জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে আহ্বায়ক শামসুল আলম সোনা, স্বাস্থ্য বিভাগের পক্ষে সিভিল সার্জন ডা. আবু সাঈদ, জেলা পরিষদের পক্ষে প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, পৌরসভার পক্ষে প্রশাসক পার্থ প্রতিম শীল, গণপূর্ত বিভাগের পক্ষে এস এম রফিকুল হাসান, মেহেরপুর সরকারি কলেজের পক্ষে অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির, র্যাবের পক্ষে আব্দুল্লাহ আল মামুন পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও সদর উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা, সড়ক ও জনপদ বিভাগের উপসহকারী প্রকৌশলী মিজানুর রহমান, সমবায় অফিসের কর্মকর্তা এনামুল হক, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ওবায়দুল বাশার, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ মুহা. আব্দুল্লাহ আল আমিন, মেহেরপুর পৌর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফয়েজ উদ্দিনসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

সকাল ৯টায় স্টেডিয়াম মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এছাড়া দিনের

বিভিন্ন সময়ে আলোচনা সভা, উন্নতমানের খাবার পরিবেশন, প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

মেহেরপুরে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের প্রস্তুতিমূলক সভা

মেহেরপুরে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলামের সঞ্চালনায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) আতিকুল হক, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা গোলাম জাকারিয়া, জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা গণগ্রন্থাগারিক আফরোজা খানম, মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেক, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিনসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা।

সভায় ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে সকাল ১০টায় আলোচনা সভা, দুপুর ১২টা থেকে প্রামাণ্যচিত্র প্রদর্শন, সুবিধাজনক সময়ে দোয়া মাহফিল, রাত ১০টা ৩০ মিনিটে এক মিনিটের প্রতীকী ব্ল্যাকআউট এবং ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বিভিন্ন

পতাকা ও ফেস্টুন দিয়ে সড়ক সজ্জিত করা, ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু, সূর্যোদয়ের সাথে সাথে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৮টায় সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে, মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা সভার আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়।

এছাড়াও ২০ থেকে ২৫ মার্চের মধ্যে শিক্ষার্থীদের রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ধর্মীয় প্রতিষ্ঠানে প্রার্থনা, জেলখানা, হাসপাতাল ও শিশু পরিবারে উন্নতমানের খাবার পরিবেশন, বিনোদন কেন্দ্রগুলো খুলে দেওয়া ও বিনা টিকিটে প্রবেশের ব্যবস্থা রাখা হবে। পাশাপাশি ১ থেকে ২৩ মার্চ পর্যন্ত ক্রিকেট, ফুটবল, হাডুডু ও কাবাডি খেলার আয়োজন এবং ২৬ মার্চ প্রামাণ্যচিত্র প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় দিবস দুটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।

গাংনী মহিলা ডিগ্রী কলেজে নানা আয়োজনে মহান স্বাধীনতা দিবস পালিত

গাংনী মহিলা ডিগ্রী কলেজের আয়োজনে মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সূর্যোদয়ের সাথে সাথে কলেজ প্রাঙ্গনে উত্তোলন করা হয় জাতীয় পতাকা।

একই সাথে মহান মুক্তিযুদ্ধে আত্নদানকারি শহীদ মুক্তিযোদ্ধাদের সম্মানে ও হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পূষ্পস্তবক অর্পণ করেন কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি এএসএম ইমন। পরে একটি বর্ণাঢ্য র্যালী কলেজ পরিচালা পর্ষদের সভাপতি এম এ এস ইমনের নেতৃত্বে কলেজ প্রাঙ্গন থেকে বের হয়ে গাংনী শহরের বিভিন্ন সড়ক পদক্ষিণ করে। পরে আলোচনা

সভা অিনিুষ্ঠত হয়।

কলেজ অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রকাশক,রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান এম এ এস ইমন।

এদিন দুপুরে শিক্ষক কর্মচারি বৃন্দের সাথে শিক্ষার মানউন্নয়ন বিষয়ক আলোচনা হয় এবং পরবর্তীতে গভর্নিং বডির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সকল অনুষ্ঠানে কলেজের সহকারি অধ্যাপক(বাংলা বিভাগ) রমজান আলী, সকারি অধ্যাপক (ব্যবস্থাপনা বিভাগ) হারুন অর রশিদ রবি,সহকারি অধ্যাপক(অর্থ) সাইফুর রহমান টোকনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বিভিন্ন আয়োজনে মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস পালন

নানা আয়োজনে মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস উদযাপনকরা হচ্ছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সকাল ছয়টায় মেহেরপুর কলেজ অবস্থিত কেন্দ্রীয় স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

প্রথমে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুষ্প মাল অর্পণ করেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

পরে জেলা বাসীর পক্ষেও পুষ্পমাল্য অর্পণ করেন তিনি। এরপর পর্যায়ক্রমে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার এসএম নাজমুল হক, মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.মোহাম্মদ রবিউল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের অ্যাডভোকেট মোহা: আব্দুস সালাম, মেহেরপুর পৌরসভার পক্ষে মেয়র মাহফুজুর রহমান রিটনসহ জেলার বিভিন্ন সরকারি বেসরকারি অফিস ও বিভিন্ন সংগঠনের

পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হ

পরে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

এদিকে দিবসটি পালন উপলক্ষে মেহেরপুর-২ আসনের এমপি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গ্ংনী উপজেলা পরিষদের পক্ষে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলীসহ বিভিন্ন স্কুল কলেজ, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ পুষ্পমাল্য অর্পণ করেন।

গাংনীতে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে নানা আয়োজনের মধ্যদিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। দিবসের শুরুতে রবিবার দিবাগত রাত ১২টা ১ মিনিটে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

সকাল ৬টার দিকে গাংনী উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। গাংনী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু পুষ্পস্তবক অর্পণ করেন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবির হোসেন সহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ।

এছাড়াও গাংনী উপজেলা আওয়ামী লীগের পক্ষে পুষ্প স্তবক অর্পণ করেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও
উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ। এছাড়াও পুষ্পমাল্য অর্পণ করে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও সংগঠন।

সকাল ৮টার দিকে গাংনী হাইস্কুল ফুটবল মাঠে আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। পতাকা উত্তোলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক। পতাকা উত্তোলনের সাথে সাথে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। এরপর অতিথিবৃন্দরা অভিবাদন গ্রহণ করেন।

পরে বাংলাদেশ পুলিশ, আনসার ভিডিপি ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা প্যারেড ও কুচকাওয়াজে অংশগ্রহণ করেন । সকাল ১১টার দিকে, উপজেলা পরিষদ চত্বরে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে উপজেলা প্রশাসন ।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিদা সিদ্দিকা সেতু।

যথাযোগ্য মর্যাদায় মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস পালিত

একত্রিশবার তোপদ্ধনি, জাতীয় পতাকা উত্তোলন, শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শণসহ বিভিন্ন

কর্মসূচীর মধ্যে দিয়ে জাকজমকপূর্ণভাবে পালন করা হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস।

ভোরে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গনে ৩১ বার তপোধ্বনির মধ্যে দিয়ে দিবসের সূচনা হয়। পরে সূর্যদয়েরর সাথে সাথে মেহেরপুর সরকারি কলেজ মোড়ে অবস্থিত শহিদ স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করা হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান রাষ্ট্রের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন। পরে পুলিশ সুপার মো. রাফিউল আলম,পিপিএম সেবা, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, মেহেরপুর সরকারি কলেজে অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সর্দার, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন সংগঠনের কর্মকর্তারা পুস্পস্তবক অর্পণ করেন।

পরে সকাল সোয়া ৮টার সময় মেহেরপুর ষ্টেডিয়াম মাঠে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। এসময় পুলিশ সুপার রাফিউল আলম উপস্থিত ছিলেন। পরে শান্তির প্রতীত কবুতর উড়ানো হয়।

এর পরপরই বীর মুক্তিযোদ্ধা, পুলিশ, আনসার ওভিডিপি, ফায়ার সার্ভিস, বিএনসিসি, রোভার স্কাউট, বয় স্কাউট, গার্লসগাইড ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শনী করেন। শেষে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনীর বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে মহড়া

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মহড়া অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেল চারটার সময়

মেহেরপুর স্টেডিয়াম মাঠে এই মহড়া অনুষ্ঠিত হয়।

এ সময় এনডিসি গোলাম রাব্বানী প্যারেড কমান্ডার আফজাল হোসেন বাকির কাছ থেকে সালাম গ্রহণ করেন।

এছাড়াও সালাম প্রদর্শন করেন জেলা পুলিশের প্যারেড টিম, জেলা আনসার ভিডিপি, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর্স ও মহিলা দল, মেহেরপুর ফায়ার সার্ভিস, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গার্লস ক্যাডেট দল, গার্লস স্কাউট দল ও মেহেরপুর দারুল উলুম আহমদীয়া মাদ্রাসার স্কাউট দল।